

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

এ বিজ্ঞপ্তি কেবলমাত্র ওয়েব
সাইটে/ ফেসবুকে প্রকাশ করা
হবে। ডাকযোগে বা হাতে
হাতে প্রেরণ করা হবে না।

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৭/৫৯৪

তারিখঃ ১০ অক্টোবর ২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং, পরিবার কল্যাণ পরিদর্শিকা (এফ.ডাব্লিউ.ভি), কমিউনিটি বেসড স্কিল্ড বার্থ এ্যাটেনডেন্ট (সিএসবিএ) নিয়মিত এবং জুনিয়র মিডওয়াইফারি ও কমিউনিটি প্যারামেডিক কোর্সের পরীক্ষা সম্ভাব্য ০২ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ শনিবার হতে শুরু হবে। উক্ত পরীক্ষার আবেদন ফরম কাউন্সিলের ওয়েব সাইট http://www.bnmc.gov.bd/Format_and_Forms.html হতে সংগ্রহ করে (নিয়মিতদের ক্ষেত্রে স্টুডেন্ট রেজিস্ট্রেশন কার্ডের কপি ও অনিয়মিতদের ক্ষেত্রে পূর্ব পরীক্ষার প্রবেশপত্রের কপি সংযুক্ত) পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে। অতঃপর পরীক্ষার্থীর প্রয়োজনীয় তথ্যাদি ইনস্টিটিউট কর্তৃপক্ষ কাউন্সিলের সফটওয়্যার <http://bnmdb.bnmc.gov.bd/login/STUDENT.html> এ অনলাইনে Final Examination ফরম পূরণ করে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত ফরম ও সংযুক্ত কাগজসহ ২৯ অক্টোবর ২০১৭খ্রিঃ মধ্যে এবং বিলম্ব ফি-সহ ০৫ নভেম্বর ২০১৭ খ্রিঃ এর মধ্যে কাউন্সিলে প্রেরণ করতে হবে। ফরম প্রাপ্তির পর শিক্ষার্থী সংখ্যা ও অন্যান্য বিষয় বিবেচনা পূর্বক পরীক্ষা কেন্দ্র ও সময়-সূচি-সহ প্রয়োজনীয় বিজ্ঞপ্তি কেবলমাত্র কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং প্রবেশপত্র ইনস্টিটিউটে প্রেরণ করা হবে।

পরীক্ষার ফরম পূরণের শর্তাবলীঃ

১. পরীক্ষার ফরম পূরণকালে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ ইনচার্জ কর্তৃক গোপন নম্বর (User ID ও Password) এর মাধ্যমে Student Registration Data Base- এ প্রবেশ করে Final Examination Form পূরণ করবেন।
২. পরীক্ষার ফরম পূরণের সময় (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম, (২) Student Registration Number লিখে ও (৩) কোর্সের নাম (নির্বাচন) সিলেক্ট করে সার্চ করলে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে এবং পরীক্ষার তারিখ দেখা যাবে।
৩. Student Registration Data Base- থেকে একটি ফরম পূরণ হয়ে আসবে এর নিচের অংশে “প্রার্থীর স্ক্যান করা স্বাক্ষর ও অধ্যক্ষের সীল মোহরসহ স্ক্যান করা স্বাক্ষর” আপলোড করতে হবে এবং তার নিচের অংশে বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ Select করে আবেদন Submit দিলে ফরম পূরণ সম্পন্ন হবে।
৪. এ ছাড়াও অনলাইনে ফরম পূরণের জন্য পৃথক গাইড লাইন কাউন্সিলের ওয়েব-সাইটে পাওয়া যাবে।
৫. ফরম পূরণের সাথে সাথেই উপরে বর্ণিত তারিখের মধ্যে পরীক্ষার্থীর তালিকা, পরীক্ষার ফি (ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং, জুনিয়র মিডওয়াইফারি, কমিউনিটি বেসড স্কিল্ড বার্থ এ্যাটেনডেন্ট (সিএসবিএ)-১০০০/-, এফ.ডাব্লিউ.ভি-১৮০০/- এবং কমিউনিটি প্যারামেডিক প্রতি বিষয়-৪০০/- ও সকল বিষয়-১৫০০/-) ফরওয়ার্ডিং লেটারসহ সকল পরীক্ষার্থীর ফি একত্রে একটি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে জমা দিতে হবে।
৬. বিলম্ব ফি জনপ্রতি ১০০/- (একশত) টাকা।
৭. পরীক্ষার ফি-সহ আবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্তির পর তথ্যাদি যাচাইয়াত্তে পরীক্ষার কমপক্ষে সাতদিন পূর্বে প্রবেশপত্র ইস্যু করা হবে।

বিঃ দ্রঃ ফরমের সাথে নমুনা প্রশ্নপত্র ও
সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর এবং শিক্ষক তালিকা
প্রেরণ করতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৭/৫৯৪/১(৫০)

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. সম্মানিত প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং/ জুনিয়র মিডওয়াইফারি/ পরিবার কল্যাণ পরিদর্শিকা (এফ.ডাব্লিউ.ভি)/ কমিউনিটি প্যারামেডিক/ কমিউনিটি বেসড স্কিল্ড বার্থ এ্যাটেনডেন্ট (সিএসবিএ) প্রশিক্ষণ কেন্দ্র
৫. শিক্ষার্থীদের অবগতির জন্য এই বিজ্ঞপ্তির একটি কপি সংক্ষিপ্ত সকল প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
৬. হিসাব শাখা/ সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫০)।
৭. জনাব/ বেগম



রেজিস্ট্রার